Handwritten annotation (top left): হস্ত: [illegible]

তারিখ .. 13 NOV 1992
পৃষ্ঠা ... ... কলাম ...

আজকের কাগজ

40

# কাপ্তাই উচ্চ বিদ্যালয় কি আসলে শিবিরের বিদ্যালয়?

রাংগামাটি পার্বত্যজেলার কাপ্তাই থানার কাপ্তাই উচ্চ বিদ্যালয় একটি আদর্শ বিদ্যালয়। প্রায় এক হাজার ছাত্র-ছাত্রীর পাঠদান হয় এই বিদ্যালয়ে। কাপ্তাই এলাকার জন্যে এই বিদ্যালয়ের গুরুত্ব অন্যান্য বিদ্যালয়ের চেয়ে তুলনামূলকভাবে বেশি। শিল্প, পর্যটন ও ব্যবসাবহুল প্রত্যন্ত কাপ্তাই অঞ্চলের এই বিদ্যালয়টি জামাত-শিবির চক্রের পাঠশালায় পরিণত হয়েছে আজ। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষাবোর্ড অনুমোদিত পাঠ্য বইয়ের পরিবর্তে কোমলমতি ছাত্র-ছাত্রীদের বাধ্যতামূলকভাবে জামাত-শিবিরের "কিশোর মনে ভাবনা জাগে" বইটি পড়াচ্ছেন। বিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশকে কলুষিত করে শিক্ষকদের সমন্বয়ে বহিরাগত কলেজ পড়ুয়া জামাত-শিবির কর্মীদের বিদ্যালয়ে অপ্রয়োজনে প্রবেশ করে ছাত্র-ছাত্রীদের জামাত-শিবির এর কার্যক্রম সম্পর্কে তালিম দিতে দেখা যায়।

সম্প্রতি কয়েকজন প্রত্যক্ষদর্শী জানান, রাতের অন্ধকারে বিদ্যালয়ের অভ্যন্তরে জামাত-শিবিরের সভা, সমাবেশ ও শিবির ক্যাডারদের অস্ত্র মহড়ার প্রশিক্ষণ দেয়া হচ্ছে। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অভিযোগ করেন তাদের বাধ্যতামূলকভাবে শিবিরের সভা সমাবেশে যোগদানের জন্যে বিদ্যালয়ের কতিপয় শিক্ষক উৎসাহিত করেন। জানা যায়; জামাত-শিবিরের সাপ্তাহিক বৈঠক থেকে শুরু করে সকল কার্যক্রম অব্যাহত গতিতে এই বিদ্যালয়ে চলছে। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা, জামাত-শিবির চক্রের কাছে জিম্মি হয়ে পড়েছে এই শিরোনামে একাধিকবার অভিযোগ উঠলেও সংশ্লিষ্টদের এ ব্যাপারে কোন ভূমিকা রাখতে দেখা যায়নি। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্লাশ চলাকালীন সময়ে শিবিরের ফরম পূরণে কতিপয় শিক্ষকের ঘৃন্য তৎপরতা সম্পর্কে একজন অভিভাবক অভিযোগ করলে তার ছেলেকে অন্য বিদ্যালয়ে নিয়ে যাওয়ার জন্যে প্রধান শিক্ষক পরামর্শ দেন। বিদ্যালয়ের পড়া লেখার সুষ্ঠু পরিবেশ কলুষিত করে এই জামাত-শিবির চক্র ছাত্র ছাত্রীদের জীবনকে অনিশ্চয়তার দিকে ঠেলে দিচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এগিয়ে আসা উচিত। রাঙ্গামাটি থেকে কাগজ প্রতিনিধি।